

ঢাকা ওয়াসা

(১) HydroChina Corporation হতে প্রাপ্ত পত্র।

বিষয় : অস্থায়ী অগ্রিম প্রদান প্রসঙ্গে।

ক্রমিক নং- ১ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে Export-Import Bank of China এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation এর সহিত চুক্তি অনুযায়ী ০১ বছর Operation and Maintenance কার্যক্রম শেষে গত ০১/০৭/২০২৩খ্রিঃ তারিখ হতে ঢাকা ওয়াসা কর্তৃক আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।

০২। দাশেরকান্দি পয়ঃ শোধনাগারটি বাংলাদেশ তথা দক্ষিণ এশিয়ার অন্যতম বৃহত্তম ও অত্যাধুনিক প্রযুক্তি সম্বলিত পয়ঃ শোধনাগার। পয়ঃশোধনাগারটিতে Sludge Management এর জন্য ১টি Sludge Drying & Incineration Plant (SDIP) রয়েছে। উক্ত SDIP এর ক্ষমতা ৫৪০টন/প্রতিদিন। আলোচ্য SDIP -তে ২টি Rotary Kiln রয়েছে। উক্ত Rotary Kiln এর মধ্যে Sludge পোড়ানো হয়। ০১ নম্বর লাইনের Rotary Kiln এর মধ্যে Refractory Castable এর কিছু অংশ ভেঙ্গে গিয়েছে এবং Insulation Castable ক্ষতিগ্রস্ত হয়েছে। ফলে বর্তমানে ০১ নম্বর লাইনটি বন্ধ রয়েছে। পয়ঃশোধনাগারের Operation and Maintenance কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রাখার স্বার্থে উক্ত Rotary Kiln এর ভিতরে জরুরী ভিত্তিতে Repair করে লাইনটি চালু করা প্রয়োজন। এ বিষয়ে HydroChina Corporation আলোচ্য দপ্তরে পত্র প্রেরণ করেছে (ক্রমিক নং-১ দ্রঃ)। সে অনুযায়ী উক্ত Rotary Kiln মেরামত করার নিমিত্তে কমপক্ষে প্রতিদিন ১০ জন নির্মাণ শ্রমিকের প্রয়োজন হবে। নিম্নে প্রয়োজনীয় সংখ্যক শ্রমিকের দৈনিক কাজের মূল্য অনুযায়ী ব্যয় উল্লেখ করা হ'ল :

ক্রঃ নং	জনবল	সংখ্যা	১জন শ্রমিকের দৈনিক মজুরী	সময়কাল	মোট টাকা
১।	নির্মাণ শ্রমিক	১০ জন	৮০০/-	০৩ দিন	২৪,০০০/-

৩। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃ শোধনাগারের Operation and Maintenance কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে উপরে বর্ণিত মেরামত কাজটি সম্পন্ন করার নিমিত্তে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৮১(১) বিধি অনুযায়ী অস্থায়ী অগ্রিম বাবদ সর্বমোট ২৪,০০০/- (চব্বিশ হাজার টাকা) মাত্র অনুমোদন দেয়া যেতে পারে। পরবর্তীতে প্রকৃত খরচ ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। উল্লেখ্য, উক্ত খরচ আলোচ্য পয়ঃশোধনাগারের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ৩৩ এ উল্লেখিত অর্থ হতে নির্বাহ করা হবে। আলোচ্য কাজটির অনুমোদন প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা'র আওতাধীন।

৪। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

Fin
25.04.2024

AE

Aif
25.04.2024

আসিফ কবির
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

25/04/2024
মোঃ মোমতাজুর রহমান
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃ শোধনাগার
ঢাকা ওয়াসা।

SE/KE

অনুমোদিত।

25-04-24
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

EE, DSTP